# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭২

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হালাল পশুর পেশাব।

باب مَا جَاءَ فِي بَوْلِ مَا يُؤْكَلُ لَحْمُهُ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدٍ الزَّعْفَرَانِيُّ، حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، حَدَّثَنَا حُمَيْدٌ، وَقَتَادَةُ، وَثَابِتٌ، عَنْ أَنَسٍ، أَنَّ نَاسًا، مِنْ عُرَيْنَةَ قَدِمُوا الْمَدِينَةَ فَاجْتَوَوْهَا فَبَعَثَهُمْ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فِي إِبِلِ الصَّدَقَةِ وَقَالَ " اشْرَبُوا مِنْ أَلْبَانِهَا وَأَبْوَالِهَا " . فَقَتَلُوا رَاعِيَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَاسْتَاقُوا الإِبِلَ وَارْتَدُّوا عَنِ الإِسْلاَمِ فَأُتِيَ بِهِمُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَطَعَ أَيْدِيَهُمْ وَأَرْجُلَهُمْ مِنْ خِلاَفٍ وَسَمَرَ أَعْيُنَهُمْ وَأَلْقَاهُمْ بِالْحَرَّةِ . قَالَ أَنَسٌ فَكُنْتُ أَرَى أَحَدَهُمْ يَكُدُّ الأَرْضَ بِفِيهِ حَتَّى مَاتُوا . وَرُبَّمَا قَالَ حَمَّادٌ يَكْدُمُ الأَرْضَ بِفِيهِ حَتَّى مَاتُوا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ أَنَسٍ . وَهُوَ قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ قَالُوا لاَ بَأْسَ بِبَوْلِ مَا يُؤْكَلُ لَحْمُهُ .

বাংলা

৭২. হাসান ইবনু মুহাম্মাদ আয্-যা’ফরানী (রহঃ) ...... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, একবার উরায়না গোত্রের কিছু লোক মদিনা আসে। কিন্তু মদিনার আবহাওয়া তাদের উপযোগী না হওয়ায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে সদকার উট চারণের ক্ষেত্রে পাঠিয়ে দিলেন। বলে দিলেন তোমরা উটের দুধ ও পেশাব পান করবে। শেষে এরা ইসালাম ত্যাগ করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিযুক্ত রাখালকে হত্যা করে উটগুলো নিয়ে পালিয়ে যায়। পরে এদেরকে ধরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে হাযির করা হয়। অতঃপর বিপরীত দিক থেকে তাদের হাত ও পা কেটে ফেলা হল। চোখ শলাকা দিয়ে বিদ্ধ করা হল এবং এবং মদীনার পাথুরে ময়দান হাররায় নিক্ষেপ করা হল। আনাস রাদিয়াল্লাহু আনহ বলেনঃ এদের মধ্যে একজনকে আমি তখন মাটি কামড়াতে দেখেছি। হান্নাদ তাঁর রিওয়ায়াতে يكد الارض – এর স্থলে কোন কোন সময় يَكْدُمُ الأَرْضَ – ও রেওয়ায়াত করেছেন। - ইরওয়া ১৭৭, রাওয ৪৩, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ এই হাদিসটি হাসান সহীহ। আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে একধিক সূত্রে এটি বর্ণিত আছে। অধিকাংশ আলিমের অভিমত এরুপ। তারা বলেনঃ হালাল পশুর পেশাবে কোন দোষ নেই।

## English

Anas narrated:
"Some people from Urainah arrived in Al-Madinah, and they were uncomfortable (and ill from the climate). So Allah's Messenger sent them some camels from charity. He told them: "Drink from their milk and urine." So they killed the camel driver that Allah's Messenger sent, and they violently drove off the camels, and apostatized from Islam. So the Prophet came to them, he cut off their hands and feet on opposite side, and branded their eyes, and threw them in Al-Harrah." Anas said, "So I saw one of them working over the ground with his mouth, until they died."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন